৩৭

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... DEC. 16 1999
পৃষ্ঠা ১ ... কলাম ৪

শেখ হাসিনাকে ডক্টরেট ডিগ্রী প্রত্যাহার না করার প্রেক্ষিতে

# ঢাঃ বিঃ সাদা দলের শিক্ষকগণের ভিসির কাছে চিঠি ঃ সমাবর্তনে যোগদান সম্ভব নয়

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাদা দলের শিক্ষকগণ বিশ্ববিদ্যালয়ের ভিসির নিকট প্রেরিত এক চিঠিতে জানিয়েছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ডক্টরেট ডিগ্রী প্রদানের সিদ্ধান্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রত্যাহার না করায় শিক্ষকদের পক্ষে আগামী শনিবার অনুষ্ঠেয় বিশ্ববিদ্যালয়ের ৪০তম সাধারণ সমাবর্তনে যোগদান করা সম্ভব নয়। চিঠিতে বলা হয়, বিশ্ববিদ্যালয়

৭-এর পৃঃ ১-এর কঃ দেখুন

## ঢাঃ বিঃ সাদা দল প্রথম পৃষ্ঠার

শিক্ষা কার্যক্রমে সমাবর্তন একটি গুরুত্বপূর্ণ অনুষ্ঠান বিধায় অতীতে শিক্ষক হিসেবে আমরা এই অনুষ্ঠানের ভাবমূর্তি এবং জাতীয় পর্যায়ে এর মর্যাদা রক্ষা করে এসেছি। বিগত সমাবর্তনগুলোতে আন্তর্জাতিক পর্যায়ে স্বীকৃত বিজ্ঞানী, কবি, সাহিত্যিক ও পণ্ডিত ব্যক্তিদের সম্মানসূচক ডিগ্রী প্রদান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সে ঐতিহ্য বহমান থাকুক, আমরা তা সকলেই একান্তভাবে প্রত্যাশা করি। নোবেল পুরস্কার বিজয়ী অর্থনীতিবিদ অধ্যাপক অমর্ত্য সেনকে সম্মানসূচক ডক্টরেট ডিগ্রী প্রদানের সিদ্ধান্তকে সে কারণেই আমরা সর্বান্তকরণে সমর্থন জানিয়েছি। কিন্তু বিগত ১২ সেপ্টেম্বর একাডেমিক কাউন্সিলের যে মূল আলোচ্যসূচী পূর্বে সদস্যদের নিকট প্রেরণ করা হয়েছিল তাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সম্মানসূচক ডক্টরেট ডিগ্রী প্রদানের বিষয়টি অন্তর্ভুক্ত না করে সকল সদস্যকে সম্পূর্ণ অজ্ঞাত রেখে ঐ সভার দিন কেবল উপস্থিত সদস্যদের কাছে শেষ মুহূর্তে তড়িঘড়ি করে বিষয়টি উপস্থাপন করে এবং আলোচনার কোন সুযোগ না দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সম্মানসূচক ডক্টরেট ডিগ্রী প্রদানের সিদ্ধান্তটি গৃহীত হয়।